# উপজেলা পরিষদ
## কালিগঞ্জ, সাতক্ষীরা

অক্টোম্বর/২০২০ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী
অধিবেশন নং - ১৬/২০২০

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সাঈদ মেহেদী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |
| সভার তারিখ | ঃ | ২৮-১০-২০২০ খ্রিঃ |
| সময় | ঃ | বেলা ১২-০০ টা |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ, কালিগঞ্জ |

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিতি পরিশিষ্ট 'খ"

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। করোনা ভাইরাসের কারণে উদ্ভূত পরিস্থিতিতে সামাজিক দূরত্ব বজায় রেখে সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর বিগত ২৯-০৯-২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও কার্যবিবরণীতে কোন সংশোধন / সংযোজন না থাকায় সর্বসম্মতক্রমে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয়।

২. বিভাগীয় আলোচনা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ২.০১। উপজেলা প্রকৌশল দপ্তর ঃ উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় (ADP) ২৭.০০ (সাতাশ লক্ষ টাকা ) ১ম কিস্তিতে বরাদ্দ পাওয়া গেছে। দ্রুত প্রকল্পের তালিকা দাখিলের জন্য এ উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়েছে। প্রকল্প তালিকা পাবার পর প্রকল্প যাচাই/বাছাই কমিটির সভা আহবানসহ ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি আরো জানান যে, বিগত সভায় ঘূর্ণিঝড় আম্ফানে ক্ষতিগ্রস্থ রোড আইডি নং-২৮৭৪৭-৫১৮৬ কাটাখালি RHD - PANIA UNR ROAD টি ক্ষতিগ্রস্থ ১ম অংশে ৬০ মিটার এবং ২য় অংশে ৪০ মিটার মোট ১০০ মিটার প্যালাসাইডিং করার জন্য প্রাক্কলন প্রস্তুতের নির্দেশনা প্রদান করা হয়েছিল। ইতোমধ্যে সরেজমিনে ক্ষতিগ্রস্থ রাস্তাটি পরিদর্শন পূর্বক ৬,৫০,১০০/- (ছয়লক্ষ পঞ্চাশ হাজার একশত) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদনের জন্য উপস্থাপন করা হয় এবং বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | (১) ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় (ADP) বরাদ্দকৃত অর্থে গৃহীত প্রকল্প যাচাই/ বাছাইয়ের জন্য সভা আহবানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।<br><br>(২) ঘূর্ণিঝড় আম্ফানে ক্ষতিগ্রস্থ রোড আইডি নং-২৮৭৪৭-৫১৮৬ কাটাখালি RHD - PANIA UNR ROAD টি ক্ষতিগ্রস্থ ১ম অংশে ৬০ মিটার এবং ২য় অংশে ৪০ মিটার মোট ১০০ মিটার প্যালাসাইডিং করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রস্তুতকৃত ৬,৫০,১০০/- (ছয়লক্ষ পঞ্চাশ হাজার একশত) টাকার প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। কাজটি দ্রুত সম্পাদনের জন্য RFQ পদ্ধতিতে করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং ব্যয় উপজেলা উন্নয়ন তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে বিধিমতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ,সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.০২। <u>মৎস্য বিভাগের কার্যক্রম</u> ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, উপজেলা পরিষদের অর্থায়নে মৌতলা ইউনিয়নে বাস্তবায়িত কার্প জাতীয় মাছের ব্রুড ব্যাংকের জন্য চট্টগ্রামের হাট হাজারী থেকে হালদা নদীর পোনা নিয়ে আসা হয়েছে। হালদা এবং পদ্মা নদীর পোনা পাশাপাশি দুটি পুকুরে চাষ করা হচ্ছে। পোনাগুলিকে এখানে পরিচর্যার মাধমে ব্রুড তৈরী করা হবে এবং এ ব্রুড থেকে পরবর্তীতে হ্যাচারীর মাধ্যমে রেণু উৎপাদন করা হবে। এই গুনগত মানসম্পন্ন রেণুগুলিকে নিরাপদ মৎস্য উৎপাদন কেন্দ্রের সুফলভোগী গ্রুপ এবং কালিগঞ্জের মৎস্য চাষীদেরকে সুলভমূল্যে দেয়া হবে। এর ফলে মৎস্যচাষীরা গুণগত মানের পোনা পেয়ে যেমন উপকৃত হবেন তেমনি মাছের উৎপাদন বৃদ্ধি করা সম্ভব হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) উপজেলা পরিষদের অর্থায়নে মৌতলা ইউনিয়নে বাস্তবায়িত কার্প জাতীয় মাছের ব্রুড ব্যাংকের জন্য চট্টগ্রামের হাট হাজারী এবং হালদা নদী থেকে নিয়ে আসা পোনাগুলিকে পুকুরে পরিচর্যার মাধমে ব্রুড তৈরী এবং এ ব্রুড থেকে পরবর্তীতে হ্যাচারীর মাধ্যমে রেণু উৎপাদন পূর্বক মানসম্পন্ন রেণুগুলিকে নিরাপদ মৎস্য উৎপাদন কেন্দ্রের সুফলভোগী গ্রুপ এবং কালিগঞ্জের মৎস্য চাষীদেরকে সুলভমূল্যে দেয়ার জন্য সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। পরিষদের সাথে স্থানীয় উদ্যোক্তার চুক্তি সম্পন্ন করে তা দ্রুত উপস্থাপনের অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০৩। <u>স্বাস্থ্য বিভাগের কার্যক্রম</u> ঃ (১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেল না।<br>(২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ইউনিয়ন পরিষদের ইউনিয়ন উপ স্বাস্থ্য কেন্দ্রে পদায়িত এমবিবিএস ডাক্তারগণ যাতে মাসে অন্তত ৪ দিন ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে গিয়ে রোগী দেখেন সে বিষয়ে অনুরোধ করেন। যদিও তাদের ইউনিয়ন উপ স্বাস্থ্য কেন্দ্রেই সেবা প্রদান করা উচিত কিন্তু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডাক্তার স্বল্পতার কারণে তাদের উভয় স্থানেই বেসা প্রদান করা সমীচীন। | (১)করোনা ভাইরাস শীতে আবার আসতে পারে বিধায় সকলে পরিস্কার পরিচ্ছন্ন থাকতে হবে। করোনা এক্সপার্ট টিমকে প্রয়োজনীয় নিদের্শনা প্রদান করে করোনা সংক্রান্ত কার্যক্রম সুচারুরুপে সম্পাদনের অনুরোধ করা হয়। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসারকে আগামী সভায় উপস্থিত হয়ে বিস্তারিত আলোচনা করার জন্য অনুরোধ করা হয়। তাছাড়া ২য় ওয়েভ মোকাবেলার বিস্তারিত পরিকল্পনা জমা দেয়ার অনুরোধ করা হলো।<br>(২) দক্ষিণশ্রীপুর, ধলবাড়িয়া ইউনিয়নে ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের ভবন ও ডাক্তার বসার সুবিধা রয়েছে । ফলে উক্ত দু'টি কেন্দ্রে মাসের প্রতি <u>রবিবার</u> পদায়িত এমবিবিএস ডাক্তারগণ সেবা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। বাকী ভাড়াশিমলা, তারালী, চাম্পাফুল, মথুরেশপুর ইউনিয়নে যেহেতু উপস্বাস্থ্য কেন্দ্রে ভবন নেই সেহেতু উক্ত ইউনিয়নের ইউনিয়ন পরিষদে মাসের প্রতি <u>সোমবার</u> এবং রতনপুর, কৃষ্ণনগর, কুশুলিয়া, বিষ্ণুপুর, মৌতলা ইউনিয়নের ইউনিয়ন পরিষদে মাসের প্রতি <u>মঙ্গলবার</u> স্ব স্ব ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে পদায়িত ডাক্তরগণ সেবা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পরিষদের সিদ্ধান্ত বাস্তবায়ন পূর্বক আগামী সভায় পরিষদকে লিখিতভাবে অবহিত করতে অনুরোধ করা হয়। বাকীদিন এমবিবিএস ডাক্তারগণ উপজেলা সদর স্বাস্থ্য কমপ্লেক্সে সেবা প্রদান করবেন। উপজেলা পরিষদের এ সিদ্ধান্তের অনুলিপি সিভিল সার্জন, সাতক্ষীরা বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ডাক্তারগণের বসার ব্যবস্থা করবেন। নলতা ইউনিয়নে প্রতিদিন এখন যেভাবে এমবিবিএ ডাক্তার যাচ্ছেন তা বহাল থাকবে । | ১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ২.০৪। উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম ঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানানো হয় যে,এ উপজেলায় উন্নতমানের কৃষি উৎপাদন করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করা হচ্ছে। আমনধান কর্তন পর্যায়ে রয়েছে, ফলন ১৮-২০মন আশা করা যাচ্ছে। এ উপজেলায় ঘেরের ভেড়ী বাঁধ অধিকাংশ জায়গায় চিকন। ঘেরের ভেঁড়ী বাঁধসহ এ উপজেলার লবনাক্ত এলাকায় টমেটো ও তরমুজ লাগালে ভাল ফল পাওয়া যেতে পারে। তিনি ইউনিয়ন পরিষদ চেয়াম্যানগণের মাধ্যমে কৃষকদের লবনাক্ত এলাকায় টমেটো ও তরমুজ চারা লাগানোর উৎসাহ প্রদানের জন্য অনুরোধ করেন। এ প্রসংগে সভাপতি মহোদয় জানান যে, (১) বর্তমানে কৃষি জমি অকৃষিতে পরিণত হয়েছে(২) অকৃষি জমি কৃষিতে রুপান্তরিত করতে হবে (৩) কৃষি উৎপাদন করে বাস্তবধর্মী কার্যক্রম গ্রহণ করতে হবে (৪) কালিগঞ্জ উন্নয়ন মাস্টার প্লানের (KDMP) আলোকে ব্যবস্থা নিতে হবে। (৫) ঘেরের ভেড়ী বড় করতে হবে এবং ভেড়ীতে সবজী চাষ করতে হবে। বিষয়সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১) উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে কালিগঞ্জ উন্নয়ন মাস্টার প্লানের (KDMP) আলোকে ব্যবস্থা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।<br>২) পাইলটিং বেসিসে কালিগঞ্জ উপজেলার কুশুলিয়া ইউনিয়নের ১নং ওয়ার্ডের জন্য ক্লপ জোনিং করার অনুরোধ করা হয়। ক্লপ জোনিং করার জন্য প্রয়োজনীয় জমির খতিয়ানসমূহ তিনি পত্র যোগাযোগ করলে সহকারী কমিশনার (ভূমি)কে সরবরাহ করা অনুরোধ করা হয়। | ১) সহকারী কমিশনার (ভূমি)<br>কালিগঞ্জ, সাতক্ষীরা<br>২) উপজেলা কৃষি অফিসার<br>কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০৫। উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম (১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় টিকাদান, কৃত্রিম প্রজনন, ভেটেরিনারি সম্প্রসারণ কাজের পাশাপাশি অত্র দপ্তরের স্বপ্রনোদিতভাবে উদ্যোক্তা প্রশিক্ষণের কাজ চলমান রয়েছে। তাছাড়া ১৫০ জন উদ্যোক্তার প্রশিক্ষণ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। এরা অধিকাংশ বিদেশ ফেরত বেকার ছিল। এদের তালিকা কর্মসংস্থান ব্যাংকে প্রেরণ করা হয়েছে এবং অনেকেই ইতোমধ্যে ঋণ পেয়েছেন। বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে কালিগঞ্জ উন্নয়ন মাস্টার প্লানের (KDMP) আলোকে ব্যবস্থা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। তাছাড়া কর্মসংস্থান মেলার আয়োজন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, মুজিব বর্ষ উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার দুর্যোগ সহনশীল বাসগৃহ নির্মাণ প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ২৫টি গৃহ নির্মাণ কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। অতিদ্রুত টিআর, কাবিখা তালিকা | TR প্রকল্পের আওতায় বরাদ্দকৃত অর্থের দ্বারা ইটের সোলিং রাস্তা নির্মাণ এবং প্রকল্পগুলি RRAP হতে গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে দ্বৈততা পরিহার করতে হবে। | ১) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>২) চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ,<br>কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| দাখিলের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কে অনুরোধ জানানো হয়। তিনি আরো জানান টিআর বরাদ্দ দ্বারা এ বছর ইটের সোলিং, মসজিদ, মাদ্রাসা, ক্লাবের তালিকা দেয়া যাবে না। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | | |
| ২.০৭। <u>উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, জানান যে, বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক এ উপজেলায় যে ১১ টি স্কুলে ভাল মানের টয়লেটের ব্যবস্থা নেই, সেই ১১টি স্কুলের তালিকা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নিকট প্রেরণ করা হবে। তাহলে চেয়ারম্যানগণ সরেজমিনে দেখে ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | এ উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে ভাল মানের টয়লেটের ব্যবস্থা নেই সে সকল স্কুলের তালিকা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ বরাবর প্রেরণসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। | ১) উপজেলা শিক্ষা অফিসার,কালিগঞ্জ, সাতক্ষীরা<br>২) চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০৮। <u>উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, সরকারি নির্দেশনা পাবার সাথে সাথে ভিজিডি কর্মসূচির আওতায় দুঃস্থ মহিলাদের জন্য বিনামূল্যে খাদ্য সহায়তার জন্য অনলাইনে আবেদন আহবান করা হয়েছে। আগামী ৩০/১০/২০২০ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে।আবেদনকারীর বয়স ২০ থেকে ৫৯ বছর পর্যন্ত হতে হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সরকারি নির্দেশনা অনুযায়ী ২০২১-২০২২ চক্রের ভিজিডি কর্মসূচির আওতায় দুঃস্থ মাহিলাদের জন্য বিনামূল্যে খাদ্য সহায়তার জন্য অনলাইনে আবেদন আহবানের বিষয়টি বহুল প্রচারের জন্য ইউনিয়ন পরিষদ চেয়াম্যানসহ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে পুনঃ অনুরোধ জানানো হয়। | ১) উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০৯। <u>উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, এ উপজেলার ১২ টি ইউনিয়নে ১৯,০০০ ভাতাভোগী রয়েছে। MIS করতে হচ্ছে। এখনও সকল ইউপি কাজ সম্পন্ন করেনি। রিপ্লেসমেন্ট বিষয়ে আলোচনা হয়। যারা নতুনভাবে বয়স্ক, বিধবা, প্রতিবন্ধি অন্তর্ভুক্ত হবেন তাদের অনলাইনে আবেদন করতে হবে। তিনি আরো জানান যে, এ উপজেলার ধলবাড়িয়া ইউনিয়নে মৃত ব্যক্তিদের নমিনি কর্তৃক বয়স্ক ভাতার আত্মসাৎকৃত টাকা নমিনিদের কাছ থেকে আদায় করে ব্যাংকের সংশ্লিষ্ট হিসাব নম্বরে জমা দেয়া হচ্ছে। বিষয়সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ক) প্রতিটি ইউনিয়নের সেইফটিনেটের আওতাভুক্ত শতভাগ ব্যক্তির পরিবারের ডাটাবেজ প্রস্তুত করতে হবে। অতিদ্রুত MIS সম্পন্ন করতে হবে।<br>খ) বয়স্ক ভাতা, বিধবা ভাতা, স্বামী পরিত্যাক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা প্রাপ্ত সকল মৃত ভাতাভোগীদের স্থলে অগ্রাধিকার তালিকা হতে দ্রুত যোগ্যদের স্থলাভিষিক্ত করার পুনঃ সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) এ উপজেলার ধলবাড়িয়া ইউনিয়নে মৃত ব্যক্তিদের নমিনি কর্তৃক বয়স্ক ভাতার আত্মসাৎকৃত টাকা নমিনিদের কাছ থেকে ১০০% আদায় করে প্রমাণকসহ আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার,কালিগঞ্জ, সাতক্ষীরা<br>২। সকল ইউপি চেয়ারম্যান, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.১০। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম ঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ সভায় পুনঃ জানান যে, তার দপ্তরে ৬৪ জন মাঠ কর্মীর (FWA) পদ রয়েছে তন্মধ্যে ২৬ জন মাঠ কর্মীর (FWA) পদ শুন্য রয়েছে। যার ফলে অফিসের কাজে অসুবিধা হচ্ছে । বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | (১) উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ , সাতক্ষীরাকে শুন্য পদ পূরণের নিমিত্ত পত্র প্রেরণসহ শুন্য পদের তালিকা উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর এই রেজুলেশনসহ প্রেরণ করার জন্য পুনঃ অনুরোধ করা হয়।<br>(২) মা ও শিশু কল্যাণ কেন্দ্রের সভা প্রতিমাসে আবশ্যিকভাবে করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ , সাতক্ষীরাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১১। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ<br>(১) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ বিগত সভাসহ অদ্যকার এ সভায় অংশগ্রহণ না করায় তাঁর বিভাগীয় বিষয়ের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। তিনি বিগত ২টি সভায়ও পর পর অনুপস্থিত রয়েছেন। যা অত্যন্ত দুঃখজনক ও অনভিপ্রেত। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ , সাতক্ষীরা সভায় অংশগ্রহণ না করায় দুঃখ প্রকাশ করা হয় এবং পর পর ৩(তিন)টি সভায় অনুপস্থিতির কারণ ব্যাখ্যাসহ আগামী সভায় উপস্থিত হয়ে তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ করা হয় । উল্লেখ্য, এ বিষয়ে কোন ব্যত্যয় পরিলক্ষিত হলে বিষয়টি তাঁর উর্দ্ধতন কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করা হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১২। বন বিভাগের কার্যক্রম ঃ বন বিভাগের প্রতিনিধি ফরেস্টার, সামাজিক বনায়ন কেন্দ্র কালিগঞ্জ সভায় জানান যে, উপজেলা বন কার্যালয় বা SFPC সমূহের মাধ্যমে উপজেলা পর্যায়ের সামাজিক বনায়ন কার্যক্রম পরিচালনা, বাস্তবায়ন, নতুন বাগান সৃজন, নার্সারিতে চারা উত্তোলন, চারা বিক্রয়-বিতরণসহ সার্বিক কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। সে লক্ষ্যে উপজেলা পর্যায়ের বন কার্যালয় তথা এসএফপিসি'র বর্তমান জরাজীর্ণ ও ব্যবহার অযোগ্য কার্যালয়টি " সামাজিক বনায়ন অবকাঠামো উন্নয়ন, সক্ষমতা বৃদ্ধি এবং ক্রমবিলুপ্ত দেশীয় প্রজাতির বাগান র্সজন"শীর্ষক প্রকল্পের আওতায় পুনঃনির্মাণের লক্ষ্যে উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটির সভাপতি এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা/ উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট হতে সম্মতিপত্র প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। এ প্রসংগে জানানো হয় যে, ইতোপূর্বে নভেম্বর/২০১৯ মাসে উপজেলা পরিষদ সভায় বন বিভাগের ভবন নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় । | মুজিব বর্ষ উপলক্ষ্যে কালিগঞ্জ উপজেলা পরিষদের অভ্যন্তরে এসএফপিসি'র কার্যালয় পুনঃনির্মাণের জন্য নার্সারীর উপর্যুক্ত স্থানে ৬৫ বর্গমিটার (৭০০ বর্গফুট) জায়গা বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১৩। উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম ঃ উপজেলা সমবায় অফিসার তাঁর দপ্তর সংশ্লিষ্ট কাজে সকলের সহযোগিতা কামনা করেন। এ প্রসংগে সভায় বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী | (১) সমবায় ভিত্তিক কৃষি মৎস্য, হাঁস-মুরগী, গরু ছাগল পালনসহ স্থানীয়ভাবে ছোট ছোট শিল্প গড়ে তোলার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) এ লক্ষ্যে আলাদা নথি খুলে কি কি পদক্ষেপ পূর্বে ছিল, এ সিদ্ধান্তের পর কি কি নতুন ব্যবস্থা নেয়া হয়েছে তা আগামী | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| উৎযাপনের শুভক্ষণে জাতির জনকের সমবায় ভিত্তিক কৃষি মৎস্য প্রাণীসম্পদ সহ ক্ষুদ্র মাঝারি শিল্প প্রতিষ্ঠার জন্য সমবায়ভিত্তিক বহুমুখী পরিকল্পনা গ্রহণের অনুরোধ করা হয়। এ প্রসংগে আরো জানানো হয় যে, আজিজ কো-অপারিটিভ ব্যাংক নামে একটি ব্যাংক এ উপজেলায় কার্যক্রম চালাচ্ছেন। ব্যাংকটি সমবায় অধিদপ্তরের নিবন্ধিত কি-না তা জানা প্রয়োজন। বিষয়টি নিয়ে আলোচনা হয়। | সভায় জানানোর জন্য পুনঃ অনুরোধ করা হয়।<br>(৩) এ উপজেলায় অবস্থিত আজিজ কো- অপারিটিভ ব্যাংকটি সমবায় অধিদপ্তরের নিবন্ধিত কি-না তা সরেজমিনে যাচাই করে আগামী সভায় প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়।<br>(৪) সমবায় দিবসের রেজুলেশন সকল সমিতির সভাপতিতে প্রেরণ করে জারী প্রতিবেদন আগামী সভায় জমা প্রদান করবেন। | |
| ২.১৪। উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, আগামী ১লা নভেম্বর বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস। দিবসটি যথাযথভাবে উদযাপনে সকলের সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসের প্রশিক্ষণের মান বাড়াতে হবে। আগামী ১লা নভেম্বর বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস যথাযথভাবে উদযাপনে করা হবে। উক্ত দিবসের আলোচনার বিষয়বস্তু নিয়ে একটি রেজুলেশন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১৫। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন বিভাগের কার্যক্রম ঃ (১) উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ সভায় জানান তাদের বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। এ প্রসংগে সভায় পুনঃ জানানো হয় তার দপ্তরের মাধ্যমে ইনোভেশন মূলক কর্মসংস্থানের সৃষ্টি করতে হবে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় একটি Inovation প্রস্তাব দেয়ার জন্য পুনঃ অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১৬। জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ উপসহকারী প্রকৌশলী. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কালিগঞ্জ সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। এ প্রসংগে সভায় জানানো হয় যে, জনস্বাস্থ্য প্রকৌশলীর এ উপজেলায় অনিয়মিত অফিস করার কারণে বিগত কয়েকটি সভার সিদ্ধান্ত বাস্তবায়নসহ জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম ব্যহত হচ্ছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। বিগত ৫ বছরে ওয়ার্টসন কমিটির সভা অনুষ্ঠিত হয়নি। ওয়ার্টসন কমিটির অনুমোদন ছাড়া এই বিভাগ সকল সুবিধাভোগী যাচাই করে সুবিধা দিয়েছেন। এটি বৈধ হয়নি, বিষয়টি স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। জনস্বাস্থ্যপ্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা কার্যালয়ে একজন নতুন কর্মকর্তা পদায়নের জন্য নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সাতক্ষীরাকে পুনঃ অনুরোধ জানানো হয়। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল<br>অধিদপ্তর,সাতক্ষীরা |
| ২.১৭। উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ, পরপর দুটি সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় বিষয়ের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ, সাতক্ষীরা পরপর ০৩ (তিন)টি সভায় অংশগ্রহণ না করায় দুঃখ প্রকাশ করা হয় এবং আগামী সভায় উপস্থিত হয়ে অনুপস্থিতির কারণসহ তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ করা হয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় বিষয়ে জানা গেল না। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জকে আগামী সভায় উপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, |

| | | |
|---|---|---|
| ২.১৯। <u>আমার বাড়ী আমার খামার প্রকল্প কার্যক্রম</u> ঃ উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে জানা গেল না। | উপজেলা সমন্বয়কারী,আমার বাড়ী আমার খামার প্রকল্প, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার বিভাগীয় বিষয় সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.২০। <u>উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ</u> ঃ<br>করোনা ভাইরাসের প্রাক্কালে সকল বিভাগের কার্যক্রম মনিটরিং এর জন্য সকল বিভাগ কর্তৃক তাদের বিভাগ সংশ্লিষ্ট অফিসিয়াল ফেইসবুক আইডি খোলার বিষয়ে পুনঃ আলোচনা হয়। | সকল বিভাগকে অফিসিয়াল ফেইসবুক আইডি খুলে uno unokaligonj satkhira আইডিতে যুক্ত হতে হবে। সহকারী প্রোগ্রামার, আইসিটি বিভাগ সকল বিভাগের অফিসিয়াল ফেউসবুক আইডি সহ ১ টি প্রতিবেদন দিবেন। | ১। সকল বিভাগ<br>২। সহঃ প্রোগ্রামার |
| ২.২১। <u>পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম</u> ঃ<br>সভায় জানানো হয় যে, পানিউন্নয়ন বোর্ডের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় তাদের বিভাগীয় বিষয়ে জানা গেল না। এ প্রসংগে জানানো হয় যে, এ উপজেলায় পানি উন্নয়ন বোর্ড কর্তৃক অধিগ্রহণকৃত জায়গায় অধিগ্রহণের উদ্দেশ্যের বাইরে ব্যক্তি বিশেষকে ডিসিআর-এর মাধ্যমে জায়গা বরাদ্দ দেয়া হয়। অধিগ্রহণের উদ্দেশ্যের বাইরে অন্য কাজে জায়গা বরাদ্দ দেয়া ও ব্যবহার করা বিধি পরিপন্থি। এ ধরনের অব্যবহৃত জায়গা সাধারণত রিজিউম করে সরকার বরাবর ফেরৎ আনা হয়। একইভাবে কালিগঞ্জ উপজেলায় নদী, খাল ইত্যাদি শ্রেণীর জমি যা পানি উন্নয়ন বোর্ডের নামে রেকর্ড হয়েছে তাও ব্যক্তি বিশেষকে ডিসিআর-এর মাধ্যমে বরাদ্দ দেয়া হচ্ছে। উদাহরণ স্বরূপ যমুনা নদীর দু'পাশে প্রায় ৫০০ পরিবার ও নানা ধরনের স্থাপনা অবৈধভাবে গড়ে উঠেছে। একইভাবে নাজিমগঞ্জ বাজার থেকে বসন্তপুর পর্যন্ত প্রায় ২০০ পরিবার দু'তলা, তিনতলা ভবন নির্মাণ করে স্থায়ীভাবে বসবাস করছেন। এসব জায়গায় তদন্ত করলে জানা যায় যে, তারা বিভিন্ন সময়ে পানি উন্নয়ন বোর্ড থেকে ডিসিআর-এর মাধ্যমে বরাদ্দ নিয়েছেন। ডিসিআর সমূহ বিভিন্ন সময়ে বিভিন্ন কর্মকর্তা প্রদান করেছেন মর্মে দেখা গেছে। কোন আইন বলে বিধি বর্হিভূত ভাবে ডিসিআর প্রদানের মাধ্যমে সরকারি জায়গা ব্যক্তির দখলে প্রদান করা হয়েছে তা বোধ্যগম্য নয়। ডিসিআর-এর সূত্র ধরে অবৈধ দখলদাররা স্থায়ী ইমারত নির্মাণ করেছেন। পানি উন্নয়ন বোর্ডকে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়ার অনুরোধ | পানি উন্নয়ন বোর্ডের অধিগ্রহণকৃত সরকারি জমির দখল রক্ষার্থে ডিসিআর প্রদান না করা এবং এ বিষয়ে বিধিমতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১) জেলা প্রশাসক, সাতক্ষীরা।<br>২) নির্বাহী প্রকৌশলী সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা।<br>৩) উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| করলেও তাদের নিকট থেকে আন্তরিক সাড়া পাওয়া যাচ্ছে না। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | | |
| ৩.০০। বিবিধ<br>৩.০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সভায় জানান যে, উপজেলা পরিষদের সার্বিক কাজের মান সন্তোষজনক হচ্ছে না। ইতোপূর্বে এ উপজেলার নতুন রাস্তা Inventory করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়েছিল যা অধ্যবধি করা হয়নি। বিষয়টি নিয়ে আলোচনা করা হয়। | এ উপজেলায় নতুন রাস্তা Inventory করার জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৩.০২। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সভায় জানান যে, বিএডিসি সেচ,সাতক্ষীরা দপ্তরের মাধ্যমে এ উপজেলায় (১) খাল পুনঃখনন(১০ মিটারের বেশী প্রশস্ত)(২) খাল পুনঃখনন(১০ মিটার প্রশস্ত)(৩)পুকুর পুনঃ বড় সাইজ (৪) অনাবাদি জমিতে মিনি পুকুর খনন(৫) বরোপিট খনন ও পুনর্ভরনের উপযুক্তকরণ (৬) রেইন ওয়াটার হারবেষ্টিং স্থাপনা নির্মাণ (৭) গভীর নলকুপ পুনর্বাসন (৮) ভূ-গর্ভস্থ সেচনালা সম্প্রসারণ (প্রতিটি ৬০০ মিটার) (৯) পণ্য পরিবহন রাস্তা(১০) বড় আকারের হাইড্রলিক স্ট্রাকচার নির্মাণ (বক্স, সাইফুন, ফুটব্রীজ, সাবমার্জড ওয়ার,ক্রসড্রাম, রেগুলিটর ইত্যাদি) (১১) বড় আকারের হাইড্রলিক স্ট্রাকচার নির্মাণ (বক্স, কালভার্ট,ফুট ব্রীজ) (১২) ছোট আকারের হাইড্রলিক স্ট্রাকচার নির্মাণ (পাইপ কালভার্ট,ফুট ব্রীজ, ইউ কালভার্ট) (১৩) ডিপ ইরিগেশন ০.৫ হর্স ক্ষমতা সম্পন্ন সোলার প্যানেল, পাম্প মটর সরবরাহ ও স্থাপন (১৪) স্প্রিংলার ইরিগেশন ২-হর্স ক্ষমতা সম্পন্ন সোলার প্যানেল, পাম্প মটর সরবরাহ ও স্থাপন (১৫) ফসল রক্ষা বাঁধ নির্মাণ (১৬) রিচার্জ ওয়েল স্থাপন (১৭) ভূ-গর্ভস্থ নিষ্কাশন নালা নির্মাণ (১৮) Village Vegetable market প্রভৃতি নির্মাণ করা হবে। এ বিষয়ে সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) সাতক্ষীরা সভায় বিস্তারিত আলোচনা করেন এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তাদের ইউনিয়ন হতে বাস্তবায়ন যোগ্য প্রকল্পসমূহ সংশ্লিষ্ট ছক মোতাবেক দ্রুত দাখিলের জন্য অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তাদের ইউনিয়ন হতে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ সংশ্লিষ্ট ছক মোতাবেক দ্রুত দাখিলের জন্য অনুরোধ জানানো হয়। জনাব অপূর্ব বিশ্বাস (মোবাইল নং ০১৫১৫-৬৪০১৪৪) সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) সাতক্ষীরাকে স্ব স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সাথে সরেজমিনে পরিদর্শন পূর্বক বর্ণিত প্রকল্পসমূহ সংগ্রহসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানগণকে বর্ণিত সহকারী প্রকৌশলীকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | ১) উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২) সহকারী প্রকৌশলী, বিএডিসি(সেচ)সাতক্ষীরা<br>৩) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল) সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ৩.০৩। তথ্য প্রদান কর্মকর্তার দায়িত্ব প্রদান ঃ<br>সভায় জানানো হয় যে, তথ্য অধিকার আইন অনুযায়ী বিভিন্ন ব্যক্তি উপজেলা পরিষদের নিকট তথ্য চেয়ে আবেদন করে থাকেন। তথ্য অধিকার আইন অনুযায়ী তাদেরকে তথ্য সরবরাহের জন্য একজন কর্মকর্তা মনোনয়নের বিষয়ে আলোচনা হয়। | তথ্য অধিকার আইন অনুযায়ী উপজেলা পরিষদের বিভিন্ন তথ্যাদি প্রদানের নিমিত্ত উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তথ্য প্রদান কর্মকর্তা হিসেবে মনোনীত করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৩.০৪। বিভাগ সংশ্লিষ্ট কমিটির সভা ঃ<br>বিভিন্ন বিভাগ সংশ্লিষ্ট কমিটির সভা অনুষ্ঠিত না হওয়ায় কাজের গতি স্থবির হয়ে পড়েছে মর্মে সভায় আলোচনা করা হয়। | সকল বিভাগকে তাদের বিভাগ সংশ্লিষ্ট কমিটি সমূহের সভা করে সভার কার্যপত্র পরিষদে উপস্থাপনের জন্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার জন্য পুনঃ অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তা, কালিগঞ্জ |
| ৩,৫। প্রশিক্ষণ প্রদানকারী বিভাগের প্রশিক্ষনার্থীদের সাথে ঋণ প্রদানকারী ব্যাংক / বিভাগের সাথে সংযোগ স্থাপন ঃ<br>সভায় জানানো হয় যে, ইতোমধ্যে উপজেলা কৃষিঋণ কমিটিতে প্রশিক্ষণ প্রদানকারী বিভাগসমূহকে প্রশিক্ষনার্থী তালিকাসহ আমন্ত্রণ জানানো হয়েছে। উক্ত সভা প্রতিমাসে করে প্রশিক্ষিত জনবলকে অর্থায়নের মাধ্যমে অর্থনীতির গতি বৃদ্ধির কার্যক্রম অব্যাহতভাবে পরিচালনা করা হবে। | উপজেলা কৃষিঋণ কমিটিতে প্রশিক্ষণ প্রদানকারী বিভাগসমূহকে প্রশিক্ষনার্থীদের নিয়ে উক্ত সভা প্রতিমাসে করে প্রশিক্ষিত জনবলকে অর্থায়নের মাধ্যমে অর্থনীতির গতি বৃদ্ধির কার্যক্রম অব্যাহতভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) সকল বিভাগীয় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>২) ব্যবস্থাপক, ঋণপ্রদানকারী সকল ব্যাংক, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৩.০৬। পরিদর্শন রেজিস্ট্রার ঃ উপজেলা পরিষদের বিভিন্ন প্রকল্প পরিদর্শন পূর্বক সংশ্লিষ্ট কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যানগণ ইতোমধ্যে স্থাপিত পরিদর্শন রেজিস্ট্রারে পরিদর্শন প্রতিবেদন লিপিবদ্ধ করণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদের বিভিন্ন প্রকল্প পরিদর্শন পূর্বক সংশ্লিষ্ট কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যানগণ ইতোমধ্যে স্থাপিত পরিদর্শন রেজিস্ট্রারে পরিদর্শন প্রতিবেদন লিপিবদ্ধ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) চেয়ারম্যান/ ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>২) সকল বিভাগীয় অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ৩.০৭। প্রকল্পের ওভার ল্যাপিং এড়ানোর জন্য প্রকল্প ক্রস চেকিং নথি খোলা ঃ<br>উপজেলা পর্যায়ের নানা ধরণের প্রকল্প গ্রহণের ক্ষেত্রে যাতে ওভারল্যাপিং না হয় সে জন্যে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা চেয়ারম্যানের নিজ নিজ দপ্তরে ১টি করে প্রকল্প ক্রস চেকিং নথি খোলা এবং উক্ত নথিতে টিআর, কাবিখা, কাবিটা, ইজিপিপি, এডিপি, উন্নয়ন তহবিলসহ সকল ধরণের প্রকল্পের তথ্য সংরক্ষণ করা হবে যাতে প্রকল্পের মধ্যে কোন ওভার ল্যাপিং না হয়। ১২ টি ইউপি চেয়ারম্যানগণকেও একই ধরণের নথি খুলে ইউনিয়ন ভিত্তিক তথ্য সংরক্ষণ করবেন মর্মে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পর্যায়ের নানা ধরণের প্রকল্প গ্রহণের ক্ষেত্রে যাতে ওভারল্যাপিং না হয় সে জন্যে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা চেয়ারম্যানের নিজ নিজ দপ্তরে ১টি করে প্রকল্প ক্রস চেকিং নথি খোলার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত নথিতে টিআর, কাবিখা, কাবিটা, ইজিপিপি, এডিপি, উন্নয়ন তহবিলসহ সকল ধরণের প্রকল্পের তথ্য সংরক্ষণ করা হবে যাতে প্রকল্পের মধ্যে কোন ওভার ল্যাপিং না হয়। ১২ টি ইউপি চেয়ারম্যানগণকেও একই ধরণের নথি খুলে ইউনিয়ন ভিত্তিক তথ্য সংরক্ষণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ,কালিগঞ্জ<br>২) সংশ্লিষ্ট সকল বিভাগীয়কর্মকর্তা, কালিগঞ্জ<br>৩) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)কালিগঞ্জ |
| ৩.০৮। মাস্টার প্লান বাস্তবায়ন ঃ KDMP এর বিভাগ সংশ্লিষ্ট কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা হয়। | আগামী সভায় বিভাগের আলোচনার সাথে KDMP সংক্রান্ত অগ্রগতি বিভাগসমূহকে অবহিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তা, কালিগঞ্জ |

| | | |
|---|---|---|
| ৩.০৯। ধলবাড়িয়া ইউনিয়নে মুড়াগাছা কমিউনিটি ক্লিনিক স্থাপনের নিমিত্ত স্থান নির্ধারণ সংক্রান্ত ঃ<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সভায় জানান যে, এ উপজেলার ১০ নং ধলবাড়িয়া ইউনিয়নের ৮নং ওয়ার্ডে, সাং- মুড়াগাছা গ্রামে কমিউনিটি ক্লিনিক স্থাপনের জন্য জনাব আব্দুল্যা গাজী, পিতা- কোরবান আলী গাজী, সাং- মুড়াগাছা কর্তৃক মুড়াগাছা মৌজায় আর-খং-নং-৭৪৭, দাগ নং-২৫৯১, জমির পরিমাণ-০.৭০ একরের মধ্যে ০.০৪ একর জমি প্রদানের জন্য ৩০০ টাকার নন জুডিশিয়াল ষ্টাম্পে জমি দানের স্বীকার ও অঙ্গকার নামা দিয়েছেন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | এ উপজেলার ১০ নং ধলবাড়িয়া ইউনিয়নের ৮নং ওয়ার্ডে, সাং- মুড়াগাছা গ্রামে কমিউনিটি ক্লিনিক স্থাপনের জন্য জনাব আব্দুল্যা গাজী, পিতা- কোরবান আলী গাজী, সাং- মুড়াগাছা কর্তৃক মুড়াগাছা মৌজায় আর-খং-নং-৭৪৭, দাগ নং-২৫৯১, জমির পরিমাণ-০.৭০ একরের মধ্যে ০.০৪ একর জমি প্রদানের জন্য ৩০০ টাকার নন জুডিশিয়াল ষ্টাম্পে দরিদ্র মানুষের সেবার জন্য কমিউনিটি ক্লিনিক স্থাপন কল্পে জমি দানের স্বীকার ও অঙ্গকার নামা দিয়েছেন। সেখানে কমিউনিটি ক্লিনিক করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, কালিগঞ্জ |
| ৩.১০। করোনা ২য় ওয়েভ মোকাবেলায় উপজেলা পরিষদ রাজস্ব হতে অর্থ উত্তোলন সংক্রান্ত ঃ<br>করোনা ভাইরাস শীতে আবার আসতে পারে বিধায় সকলে পরিস্কার পরিচ্ছন্ন থাকতে হবে। করোনা এক্সপার্ট টিমকে প্রয়োজনীয় নিদের্শনা প্রদান, জনসাধারণ- কে মাক্স ব্যবহারে উদ্বুদ্ধ - করণের নিমিত্ত হ্যান্ড স্যানিটাইজার, মাক্সসহ আনুসাংগিক মালামালক্রয়ের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- (একলক্ষ) টাকা উত্তোলনের বিষয়ে আলোচনা করা হয়। | করোনা ২য় ওয়েভ মোকাবেলায় (মাক্স,হ্যান্ডস্যানিটাইজার এন্টিসিপটিক সাবান বিনামূল্যে বিতরণ ) ও আনুসাংগিক মালামালক্রয়ের জন্য উপজেলা পরিষদ রাজস্ব হতে ১,০০,০০০/- (একলক্ষ) টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ<br>২)উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ |
| ৩.১১। বার্ষিক উন্নয়ন কর্মসূচির অর্থায়নে করোনা ভাইরাস প্রতিরোধে কার্যক্রম বাস্তবায়ন ঃ<br>উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে করোনা ভাইরাস প্রতিরোধে কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত এ উপজেলার জন্য ১.৬৮ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে । উক্ত বরাদ্দ ব্যয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | প্রচিলিত সরকারি বিধিবিধান ও স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ১০-১১-২০১৪ তারিখের ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩-১০৬৮ নং স্মারকে জারীকৃত উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুসরণে উপজেলা পর্যায়ে আসন্ন শীত মৌসুমে করোনা ভাইরাস প্রতিরোধ কার্যক্রম ( মাক্স,হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপটিক সাবান বিনামূল্যে বিতরণ) বাস্তবায়নে ১.৬৮ লক্ষ টাকা ব্যয়ের সর্বম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা |

৩.১২। উপজেলা প্রকৌশলী দপ্তরের বাথরুম, উপজেলা পরিষদের ৩ নং বাস ভবন (উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের নামে বরাদ্দকৃত বাসা) এবং <u>উপজেলা গেজেটেট ভবনে টুকিটাকি মেরামতঃ</u>

উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা গেজেটিড বাসভবন, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসে বিদ্যুৎ লাইন টুকিটাকি মেরামত এবং উপজেলা প্রকৌশলীর অফিসের বাথরুম মেরামত, উপজেলা পরিষদের ৩ নং ভবন (উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের নামে বরাদ্দকৃত) বাস ভবন সংস্কার করা জরুরী প্রয়োজন । উক্ত মেরামত বাবদ ৮৪,০০০/- (চুরাশি হাজার) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে । বর্ণিত প্রকল্প উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে গ্রহণ ও ব্যয়ের প্রস্তাব রাখেন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

উপজেলা প্রকৌশলী দপ্তরের বাথরুম, উপজেলা পরিষদের ৩ নং বাস ভবন (উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের নামে বরাদ্দকৃত বাসা) এবং উপজেলা গেজেটেট ভবনে টুকিটাকি মেরামত বাবদ গৃহীত প্রকল্পটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্পটি নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধমে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>প্রকল্পের নাম</u> ঃ উপজেলা প্রকৌশলী দপ্তরের বাথরুম, উপজেলা পরিষদের ৩ নং বাস ভবন (উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের নামে বরাদ্দকৃত বাসা) এবং উপজেলা গেজেটেট ভবনে টুকিটাকি মেরামত ঃ

<u>প্রাক্কলিত ব্যয় ৮৪,০০০/- (চুরাশি হাজার টাকা মাত্র)</u>

<u>প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ-</u>

| ক্রমিক নং | নাম ও পদবী | অফিসের ঠিকানা | প্রকল্প কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | জনাব দিপালী রাণী ঘোষ মহিলা ভাইস চেয়ারম্যান | উপজেলা পরিষদ কালিগঞ্জ, সাতক্ষীরা | সভাপতি |
| ২ | জনাব মোঃ ফরহাদ হোসেন সাঁট-মুদ্রাক্ষরিক | উপজেলা পরিষদ কালিগঞ্জ, সাতক্ষীরা | সদস্য |
| ৩ | জনাব তানভির হোসেন, উদ্যোক্তা | ঐ | সদস্য |
| ৪ | জনাব মোঃ পিয়ার আলী ইলেকট্রিশিয়ান | উপজেলা প্রকৌশল দপ্তর, কালিগঞ্জ | সদস্য |
| ৫ | জনাব মোঃ আব্দুল হামিদ, হিসাব সহকারী | উপজেলা প্রকৌশল দপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা | সদস্য-সচিব |

১) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা

৩.১৩। সভায় জানানো হয় যে, কৃষি কাজে ব্যবহারের জন্য অগভীর নলকূপ স্থাপনের লাইসেন্স প্রাপ্তির নিমিত্ত নিম্নবর্ণিত কৃষকগণ আবেদন করলে লাইসেন্সের জন্য দাখিলকৃত আবেদন পত্রে উল্লেখিত স্থান সরেজমিনে পরিদর্শন করে সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এবং বাছাই কমিটির সদস্য-সচিব, উপসহকারী প্রকৌশলী, বিএডিসি প্রতিবেদন দাখিল করেছেন।

| ক্রমিক নং | নাম,পিতার নাম | ঠিকানা |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ আব্দুর কাদের পিং-মোঃ সফিউদ্দিন | গ্রাম-দাঁড়িয়ালা ইউনিয়ন-ধলবাড়িয়া কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ০২ | জনাব বৈদ্যনাথ সরকার পিং- সদানন্দ সরকার | গ্রাম- ফতেপুর ইউনিয়ন-দঃ শ্রীপুর কালিগঞ্জ, সাতক্ষীরা |

কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা,২০১৯ (এস,আর,ও নং ১২৮-আইন/২০১৯)-এর ৬(১) ধারা মোতাবেক দাখিলকৃত আবেদনপত্র এবং কমিটির প্রতিবেদন বিবেচনা ক্রমে উপবিধি ৬(২) এ উল্লেখিত লাইসেন্স ফি প্রাপ্তি সাপেক্ষে বর্ণিত ব্যক্তিদের অনুকূলে নলকূপ স্থাপনের লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা

পরিশেষে মুজিব বর্ষের অঙ্গীকার বাস্তবায়ন, উপজেলা পরিষদ স্টান্ডিং কমিটি কার্যকর, দ্রুত পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বাজেট বই প্রস্তুত, টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন, নারী উন্নয়ন ফোরাম কমিটি কার্যকর, ইউনিয়ন ট্যাক্স ডে ঘোষণা, এসডিজি বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/১০/২০
সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং-০৫.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.২০ - ৯৫২

তারিখ : ২৮ অক্টোবর ২০২০ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭-সাতক্ষীরা-৩/ ১০৮-সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৫। সিভিল সার্জন, সাতক্ষীরা
৬। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা
৭। উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, সাতক্ষীরা
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
৯। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
১০। উপজেলা ---------------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১১। উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা
১২। চেয়ারম্যান ------------------------------------- ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১৩। জনাব -------------------------------------------কালিগঞ্জ, সাতক্ষীরা

28/10/2020
মোঃ মোজাম্মেল হক রাসেল
উপজেলা নির্বাহী কর্মকর্তা
কালিগঞ্জ, সাতক্ষীরা
unokaliganj@gmail.com

২৮/১০/২০২০ তারিখ কালিগঞ্জ, উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

## পরিশিষ্ট -'ক' উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব সাঈদ মেহেদী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ১ | জনাব মোঃ মোজাম্মেল হক রাসেল | উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ |
| ২ | জনাব দিপালী রাণী ঘোষ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ২ | জনাব কৃষিবিদ ইকবাল আহমেদ | উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ |
| ৩ | জনাব নাজিমুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ৩ | ডাঃ জনাব মনোজিত মন্ডল | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ |
| ৪ | জনাব আকলিমা বেগম | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি | | ৪ | জনাব মোঃ শফিকুল ইসলাম | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ |
| ৫ | জনাব প্রশান্ত কুমার সরকার | চেয়ারম্যান,দক্ষিণ শ্রীপুর ইউপি | | ৫ | জনাব জাকির হোসেন | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| ৬ | জনাব এবাদুল ইসলাম | চেয়ারম্যান কুশুলিয়া ইউপি | | ৬ | জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন | উপজেলা সমাজসেবা অফিসার কালিগঞ্জ |
| ৭ | জনাব শেখ আজিজুর রহমান | চেয়ারম্যান, নলতা ইউপি | | ৭ | জনাব আব্দুস সেলিম | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ |
| ৮ | জনাব গাজী শওকত হোসেন | .চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি | | ৮ | মোসাঃ শামছুন্নাহার | উপজেলা শিক্ষা অফিসার,কালিগঞ্জ |
| ৯ | ইউনিয়ন পরিষদ সদস্য | পক্ষে চেয়ারম্যান,ভাড়াশিমলা ইউপি | | ৯ | জনাব মোঃ মিরাজ হোসেন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ১০ | জানাব মাহফুজা খানম | সংরক্ষিত মহিলা সদস্য | | ১০ | জনাব অর্ণা চক্রবর্তী | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| ১১ | জনাব লাইলি পারভীন | সংরক্ষিত মহিলা সদস্য | | ১১ | জনাব অমল কান্তি রায় | উপসহকারী প্রকৌশলী, কালিগঞ্জ |
| | | | | ১২ | জনাব খান তৈয়েবুর রহমান | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৩ | জনাব মোঃ কামরুল ইসলাম | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৪ | জনাব তপন জ্যোতি চক্রবর্তী | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৫ | জনাব মোঃ আওছাফুর রহমান ফরেস্টার, | উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ |
| | | | | ১৬ | ডেপুটি জেনারেল ম্যানেজার | পল্লী বিদ্যুৎ জোনাল অফিস কালিগঞ্জ |

## পরিশিষ্ট -'খ' অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আশরাফুল হোসেন | চেয়ারম্যান, রতনপুর ইউপি | | ১ | জনাব সমীর কুমার রায় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ |
| ২ | জনাব কাজী রফিকুল ইসলাম | চেয়ারম্যান মৌতলা ইউপি | | ২ | জনাব মোঃ খলিলুর রহমান | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিগঞ্জ |
| ৩ | জনাব প্রভাতি রাণী | সংরক্ষিত মহিলা সদস্য | | ৩ | জনাব তানজিয়ারা খাতুন | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| ৪ | জনাব শেখ রিয়াজ উদ্দিন | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউ,পি | | ৪ | ডাঃ জনাব তৈয়েবুর রহমান | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, কালিগঞ্জ |
| ৫ | জনাব মোঃ এনামুল হোসেন | চেয়ারম্যান, তারালি ইউপি | | ৫ | জনাব আবুল কালাম আজাদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| ৬ | জনাব মোঃ মিজানুর রহমান | চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি | | ৬ | জনাব আশরাফুল আলাম,উপজেলা সমন্বয়কারী | আমার বাড়ী আমার খামার প্রকল্প কালিগঞ্জ |
| | | | | ৭ | জনাব মোঃ আব্দল খালেক | উপসহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ |